156

দৈনিক ইত্তেফাক

তারিখ 24 DEC 1992
পৃষ্ঠা ৭ কলাম ৪

৩৬

# ক্যাম্পাসে সন্ত্রাস প্রতিরোধে জাতীয় ঐক্যমত প্রয়োজন

*ইত্তেফাক রিপোর্ট ॥ সন্ত্রাস নিরসন ও শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের চারিপার্শ্বে দেয়াল-নির্মাণসহ কতিপয় সুপারিশ করা হইয়াছে। ক্যাম্পাসে অব্যাহত সন্ত্রাসী কর্মকাণ্ডের প্রেক্ষিত ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি কর্তৃক গঠিত ৫ সদস্যের একটি কমিটি গত মঙ্গলবার লিখিতভাবে এই সুপারিশ পেশ করিয়াছে। ইহাতে ইতিপূর্বে ক্যাম্পাসে সৃষ্ট সন্ত্রাসী ঘটনা ও ইহার কারণ বিশ্লেষণ করিয়া বলা হয়, সন্ত্রাস* *(২য় পৃঃ দ্রঃ)*

## ক্যাম্পাসে সন্ত্রাস

(১ম পৃঃ পর)

প্রতিরোধের লক্ষ্যে জাতীয় ঐক্যমত্য প্রতিষ্ঠা, অবৈধ অস্ত্র উদ্ধার, অপরাধীদের শাস্তি প্রদান এবং রাজনৈতিক দল ও ছাত্র সংগঠনসমূহের আন্তরিকতা জরুরী প্রয়োজন। একই লক্ষ্যে প্রক্টর অফিসকে জোরদার করা, হল প্রশাসনকে নিরপেক্ষ হিসাবে গড়িয়া তোলা, হল ও বিভাগসমূহের মধ্যে সম্পর্কের উন্নয়ন ঘটানো, ছাত্র-ছাত্রীদের আবাসিক সমস্যার সমাধান, কারিকুলাম বহির্ভূত কার্যাবলী জোরদার, সেশন জট দূর, প্রকৌশল দপ্তরকে পুনর্গঠন, ক্যাম্পাস হইতে অননুমোদিত বস্তি ও দোকানপাট উচ্ছেদ, বিশ্ববিদ্যালয় এলাকার চারিপার্শ্বে দেওয়াল নির্মাণের উদ্যোগ গ্রহণের সুপারিশ করা হইয়াছে। চলতি বছরের মার্চ মাসে ক্যাম্পাসে সন্ত্রাস বিরোধী মিছিল করার সময় মৃত্তিকা বিজ্ঞান বিভাগের ছাত্র মঈন হোসেন রাজু নিহত হওয়ার পর শিক্ষক সমিতি ১৭ই মার্চ এক জরুরী সভায় এই কমিটি গঠন করে। শিক্ষক সমিতির সভাপতি এস,এম,এ ফায়েজ, সাধারণ সম্পাদক সাঈদ-উর রহমান, সমাজ বিজ্ঞান বিভাগের শিক্ষক কে,এ,এম সাদউদ্দিন, রসায়ন বিভাগের শিক্ষক মোঃ মসিহুজ্জামান ও আধুনিক ভাষা ইনষ্টিটিউটের শিক্ষক মনসুর মুসা কমিটির সদস্য ছিলেন। কমিটির পূর্ণাঙ্গ রিপোর্ট আগামীকাল (শুক্রবার) ইত্তেফাকের 'তরুণ-কণ্ঠ' পাতায় প্রকাশিত হইবে।